

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২

আগরতলা, ৬ এপ্রিল, ২০২৪

লেম্বুছড়াস্থিত কৃষি কলেজ পরিদর্শনে রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে লেম্বুছড়াস্থিত কৃষি কলেজ পরিদর্শন করেন। রাজ্যপাল কৃষি কলেজে পৌঁছালে কলেজের প্রিন্সিপাল ড. দেবাশিস সেন তাঁকে স্বাগত জানান। রাজ্যপাল কলেজের অধ্যক্ষ ও ফ্যাকাল্টিগণের সঙ্গে কলেজের বিভিন্ন কাজকর্ম নিয়ে বৈঠক করেন এবং খোঁজ খবর নেন। বৈঠকের পর তিনি কলেজের এন্টোরিয়াম ইউনিট, ওয়ার্কসপ, ম্যাঙ্গো ব্লক, ডেমোনস্ট্রেশন প্লট, বেবি কর্ন কাল্টিভেশন প্লট, ক্যাটেল ইউনিট প্রভৃতি পরিদর্শন করেন। সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল জানান, কৃষি কলেজের কাজের বিষয়ে খোঁজ খবর নিতেই তিনি এখানে এসেছেন। কৃষিকাজে আধুনিক যন্ত্রপাতির ব্যবহারের বিষয়েও তিনি গুরুত্ব আরোপ করেন। রাজ্যপালের কৃষি কলেজ পরিদর্শনের সময় কলেজের প্রিন্সিপাল ড. দেবাশিস সেন কলেজের ফ্যাকাল্টিগণ এবং রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক উপস্থিত ছিলেন।
